**28T ACOU**

**(BENGALI)**

# 2018

# ACCOUNTANCY

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

| | | |
|---|---|---|
| *Q. No. 1 carries 1 mark each* | | |
| | *1 (a)* | 1×4 = 4 |
| | *1 (b)* | 1×2 = 2 |
| | *1 (c)* | 1×2 = 2 |
| *Q. Nos. 2–6 carry 2 marks each* | | 2×5 = 10 |
| *Q. Nos. 7–11 carry 3 marks each* | | 3×5 = 15 |
| *Q. Nos. 12–18 carry 5 marks each* | | 5×7 = 35 |
| *Q. Nos. 19–22 carry 8 marks each* | | 8×4 = 32 |
| | Total | = 100 |

1. (a) Fill in the blanks with appropriate word/words : 1×4=4

উপযুক্ত শব্দ ব্যবহার করে শূণ্যস্থান পূর্ণ করো ঃ

(i) The interest due to the retiring partner is transferred to his ________ account in case it is not paid immediately.

একজন অবসর গ্রহণ করা অংশীদারের পাওনা টাকা যদি তাৎক্ষণিকভাবে প্রদান করা না হয়, তাহলে উক্ত টাকা তার ________ হিসাবে স্থানান্তর করা হয়।

(ii) A partner acts as ________ of the firm.

একজন অংশীদার প্রতিষ্ঠানটির একজন ________ হিসাবে কাজ করে।

(iii) In case of fixed capital, a partner's Capital account always shows a ________ balance.

স্থায়ী মূলধনের ক্ষেত্রে, একজন অংশীদারের মূলধন হিসাব সর্বদা ________ উদ্বৃত্ত দেখায়।

(iv) Unrecorded assets when realised are credited to ________ Account.

অলিখিত সম্পত্তি যখন আদায় হয়, তখন ________ হিসাবে ক্রেডিট করা হয়।

(b) Choose the correct alternative : 1×2=2

শুদ্ধ উত্তর বেছে নিয়ে লেখো ঃ

(i) Balance Sheet shows :

উদ্বৃত্তপত্র দেখায় ঃ

(1) Financial position of a company

একটি কোম্পানীর আর্থিক অবস্থা



(2) Profit and Loss of a company

একটি কোম্পানীর লাভ-লোকসান

(3) Cash flow of a company

একটি কোম্পানীর নগদ ধনের প্রবাহ

(4) All of the above.

উপরের সব কয়টি।

(ii) Financial statements are :

বিত্তীয় বিবৃতিগুলো হল ঃ

(1) Detailed reports of the recorded facts.

নথিভুক্ত তথ্যরাশির বিস্তৃত প্রতিবেদন।

(2) Detailed reports of the cash transactions only.

শুধুমাত্র নগদ লেনদেনগুলির বিস্তৃত প্রতিবেদন।

(3) Summarised reports of recorded facts.

নথিভুক্ত তথ্যের সংক্ষিপ্ত প্রতিবেদন।

(4) Summarised reports of the financial institutions only.

শুধুমাত্র বিত্তীয় প্রতিষ্ঠানগুলির সংক্ষিপ্ত প্রতিবেদন।

(c) State whether the following statements are true *or* false : 1×2=2

শুদ্ধ *না* অশুদ্ধ লেখো ঃ

(i) Interest on Partner's Capital is credited to Partners' Drawings Account.

অংশীদারের মূলধনের উপরে দেয় সুদ অংশীদারের আহরণ হিসাবে ক্রেডিট করা হয়।

(ii) Life membership fee is a Revenue receipt.

আজীবন সদস্য মাসুল একটি রাজস্ব ধরণের প্রাপ্তি।

2. State *any two* features of a Not-for-profit organisation. 2

লাভ-গ্রহণ না করা প্রতিষ্ঠানের *যে কোনো দুটি* বৈশিষ্ট্য লেখো।

3. What is a Common Size Statement ? 2

সমাকার (Common Size) প্রতিবেদন বলতে কী বোঝ?

4. Mention *any two* distinctions between shares and debentures. 2

অংশপত্র ও ঋণপত্রের মধ্যে থাকা *যে কোনো দুটি* পার্থক্য উল্লেখ করো।

5. What do you mean by Forfeiture of shares ? 2

অংশপত্র বাজেয়াপ্তকরণ বলতে কী বোঝ?

6. What do you mean by Comparative statement ? 2

তুলনামূলক প্রতিবেদন বলতে কী বোঝ?

7. Explain the meaning of Cash Flow from Financing Activities. 3

বিত্তীয় কার্য্যকলাপ থেকে নগদ প্রবাহের অর্থ ব্যাখ্যা করো।

*OR / অথবা*

From the following information, calculate Stock Turnover Ratio : 3

নিম্নলিখিত তথ্য থেকে মজুতপণ্যের আবর্তন অনুপাত নির্ণয় করো ঃ

Sales (বিক্রী) = ₹ 4,00,000/-

Average Stock (গড় মজুতপণ্য) = ₹ 55,000

Gross Loss Ratio (মোট লোকসানের অনুপাত) = 10%



8. Mention *any three* objectives of financial statement analysis. 3

বিত্তীয় প্রতিবেদন বিশ্লেষণের *যে কোনো তিনটি* উদ্দেশ্য উল্লেখ করো।

*OR / অথবা*

Briefly explain the nature of financial statements. 3

বিত্তীয় প্রতিবেদনগুলির প্রকৃতি সংক্ষেপে ব্যাখ্যা করো।

9. Mention *any three* limitations of financial statements. 3

বিত্তীয় প্রতিবেদনের *যে কোনো তিনটি* সীমাবদ্ধতার উল্লেখ করো।

*OR / অথবা*

Explain the meaning of Ratio Analysis. 3

অনুপাত বিশ্লেষণের অর্থ ব্যাখ্যা করো।

10. Mention *any three* distinctions between Fund-based Accounting and Non-fund-based Accounting. 3

পুঁজিভিত্তিক হিসাবকরণ ও অপুঁজিভিত্তিক হিসাবকরণের মধ্যে থাকা *যে কোনো তিনটি* পার্থক্য উল্লেখ করো।

*OR / অথবা*

What do you mean by Income and Expenditure Account ? 3

আয় ও ব্যয় হিসাব বলতে কী বোঝ?

11. Amar and Bahadur are partners of a firm sharing profits in the ratio of 3:2. They admit Mery as a new partner for ¼ th share in the future profits. The new profit sharing ratio between Amar and Bahadur is agreed to be 2:1. Calculate their sacrificing ratio. 3

অমর ও বাহাদুর 3:2 অনুপাতে লাভ বন্টনকারী একটি প্রতিষ্ঠানের অংশীদার। তারা তাদের লাভের ¼ অংশের জন্য মেরীকে নতুন অংশীদার হিসাবে অন্তর্ভুক্ত করে। অমর ও বাহাদুরের মধ্যে লাভের নতুন অংশ হবে 2:1। তাদের ত্যাগের অনুপাত নির্ণয় করো।

*OR / অথবা*

Ranjana, Sadhana and Kamona are partners sharing profits in the ratio of 4:3:2. Ranjana retires and Sadhana and Kamona agree to share future profits in the ratio of 5:3. Calculate the gaining ratio. 3

রঞ্জনা, সাধনা ও কামনা 4:3:2 অনুপাতে লাভ বন্টন করা অংশীদার। রঞ্জনা অবসর গ্রহণ করে; সাধনা ও কামনা ভবিষ্যতে 5:3 অনুপাতে লাভ বন্টন করার সিদ্ধান্ত নেয়। উপকৃত লাভের অনুপাত নির্ণয় করো।



12. From the following Receipts and Payments Account for the year ended 31st March, 2017 and other details of KAZIRANGA SPORTS CLUB, prepare an Income and Expenditure Account for the year ended 31st March, 2017 : 5

2017 -এর 31 মার্চ তারিখে শেষ হওয়া বছরটির জন্য নিম্নে প্রদত্ত KAZIRANGA SPORTS CLUB-এর জমা ও খরচের হিসাব ও অন্যান্য তথ্য থেকে 31 মার্চ, 2017-তে অন্তঃপরা বছরের জন্য আয়-ব্যয়ের হিসাব প্রস্তুত করো ঃ

**Receipts and Payments Account**

**জমা ও খরচ হিসাব**

| Receipts (জমা) | (₹) | Payments (খরচ) | (₹) |
|---|---|---|---|
| Cash in hand on 01.04.16 (01.04.16 তারিখে হাতে থাকা নগদ অর্থ) | 10,000 | Salaries (বেতন) | 8,000 |
| Subscriptions : (চাঁদা) ঃ | | Honorarium (সম্মানী দক্ষিণা) | 5,000 |
| 2015-16 : 1,000/- | | Sports Expenses (খেলার খরচ) | 2,000 |
| 2016-17 : 30,000/- | | Rent (ভাড়া) | 3,000 |
| 2017-18 : 2,000/- | 33,000 | Travelling Expenses (ভ্রমণের খরচ) | 2,000 |
| Donation (দান) | 7,000 | Purchase of Furniture (আসবাব ক্রয়) | 35,000 |
| Interest (সুদ) | 3,000 | | |
| Donation for Buildings (ভবনের জন্য দান) | 10,000 | Cash in hand on 31.03.17 (31.03.17 তারিখে হাতে থাকা নগদ অর্থ) | 15,000 |
| Life Membership Fees (আজীবন সদস্য মাশুল) | 7,000 | | |
| | 70,000 | | 70,000 |

Additional Information :

অতিরিক্ত তথ্য ঃ

(i) Outstanding Salaries = 2,000/-

অপ্রদত্ত বেতন

(ii) Prepaid Rent = 1,000/-

অগ্রীম প্রদত্ত ভাড়া

*OR / অথবা*

Explain the steps in preparation of Income and Expenditure Account. 5

আয়-ব্যয় হিসাব প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলি ব্যাখ্যা করো।

13. Charles Ltd. made a profit of ₹ 1,00,000/- after charging depreciation of ₹ 20,000/-on assets and a transfer to general reserve of ₹ 30,000/-. The goodwill written off was ₹ 7,000/- and gain on sale of machinery was ₹ 3,000/-. Other information available to you (changes in the value of current assets and current liabilities) are : debtors showed an increase of ₹ 6,000/-; creditors an increase of ₹ 10,000/-; prepaid expenses an increase of ₹ 200/-; bills receivable a decrease of ₹ 3,000/-; bills payable a decrease of ₹ 4,000/- and outstanding expenses a decrease of ₹ 2,000/-.

Ascertain cash flow from operating activities. 5

চার্লস্ লিমিটেড 20,000/- টাকা সম্পত্তির উপরে অবক্ষয় বাদ দিয়ে এবং 30,000/- টাকা সাধারণ পুঁজিতে স্থানান্তর করার পর 1,00,000/- টাকা লাভ করে। 7,000/- টাকা সুনাম বাদ দেয় এবং যন্ত্রপাতি বিক্রী করে 3,000/- টাকা লাভ করে। অন্যান্য তথ্য তোমাকে দেওয়া হলো (চলতি সম্পত্তি এবং চলতি দেনার মূল্যের পরিবর্তন) ঃ দেনাদার 6,000/- টাকার বৃদ্ধি; পাওনাদার 10,000/- টাকার বৃদ্ধি; 200/- টাকা অগ্রিম প্রদত্ত ব্যয় বৃদ্ধি; 3,000/- টাকার প্রাপ্যবিল হ্রাস; 4,000/- টাকার দেয় বিলের হ্রাস; অপ্রদত্ত ব্যয় 2,000/- টাকা হ্রাস হয়েছে।

ব্যবসায়িক কার্যাবলী থেকে নগদ প্রবাহ নির্ণয় করো।



*OR / অথবা*

Explain the terms : 2½+2½=5

নীচের পদ (term) গুলোর ব্যাখ্যা করো ঃ

(i) Cash Equivalents

নগদ সমতুল্য

(ii) Cash flows

নগদ প্রবাহ

14. Mention *any five* objectives of Ratio Analysis. 5

অনুপাত বিশ্লেষণের *যে কোনো পাঁচটি* উদ্দেশ্য উল্লেখ করো।

*OR / অথবা*

Calculate current assets of a company from the following information : 5

নিম্নলিখিত তথ্য থেকে একটি কোম্পানীর চলিতসম্পত্তিগুলো গণনা করো ঃ

Stock turnover Ratio = 4 times

মজুতপণ্যের আবর্তন অনুপাত = 4 বার

Stock at the end is ₹ 20,000/- more than the stock at the beginning.

শেষের (অন্ত) মজুত পণ্যের পরিমাণ শুরুর মজুত পণ্যের পরিমাণের থেকে 20,000/- টাকা বেশী।

Sales ₹ 3,00,000/- and gross profit ratio is 20% of Sales.

বিক্রী 3,00,000/- টাকা ও মোট লাভের অনুপাত বিক্রীর 20%।

Current liabilities = ₹ 40,000/-

চলতি দেনা 40,000/- টাকা

Quick ratio = 0·75

ত্বরিত অনুপাত = 0·75

15. Shyam, Gagan and Ram are partners sharing profits in the ratio of 2:2:1. On 31st March, 2017, their Balance Sheet was as follows :

শ্যাম, গগন ও রাম 2:2:1 অনুপাতে লাভ বন্টন করা অংশীদার। 31 মার্চ 2017 তারিখে তাদের উদ্বৃত্তপত্র নিম্নরূপ ছিল ঃ

**Balance Sheet (উদ্বৃত্তপত্র)**

| Liabilities (দেনা) | (₹) | Assets (সম্পত্তি) | (₹) |
|---|---|---|---|
| Sundry Creditors বিবিধ পাওনাদার | 50,000 | Cash (নগদ অর্থ) | 5,000 |
| | | Debtors (দেনাদার) | 20,000 |
| Reserve (পুঁজি) | 10,000 | Stock (মজুতপণ্য) | 25,000 |
| Capital : (মূলধন) ঃ | | Machinery (যন্ত্রপাতি) | 20,000 |
| Shaym (শ্যাম) : 20,000/- | | Buildings (ভবন) | 30,000 |
| Gagan (গগন) : 10,000/- | | | |
| Ram (রাম) : 10,000/- | 40,000 | | |
| | 1,00,000 | | 1,00,000 |

Gagan retired on that date and Shyam and Ram agreed to share future profits in the ratio 5:3.

গগন উক্ত তারিখে অবসর গ্রহণ করে ও শ্যাম এবং রাম ভবিষ্যতে 5:3 অনুপাতে লাভ বন্টন করার সিদ্ধান্ত গ্রহণ নেয়।

Stock, Machinery and Buildings were revalued at ₹ 20,000/-, ₹ 15,000/- and ₹ 45,000/- respectively.

মজুতপণ্য, যন্ত্রপাতি ও ভবন যথাক্রমে 20,000/- টাকা, 15,000/- টাকা ও 45,000/- টাকাতে পুনর্মূল্যায়ন করা হল।

Prepare Revaluation Account and Partners' Capital Account. 2½+2½=5

পুনর্মূল্যায়ন হিসাব ও অংশীদারের মূলধন হিসাব প্রস্তুত করো।

*OR / অথবা*

Prepare the new format of the Balance Sheet of a company with the major headings only. 5

শুধুমাত্র মুখ্যশিরোনাম সমূহের সঙ্গে একটি কোম্পানীর উদ্বৃত্তপত্রের নতুন আকারটি প্রস্তুত করো।



16. Mohit, Shohan and Rahul were partners sharing profits in the ratio of 2:2:1. Their Balance Sheet as on 31st March, 2017 was as follows :

মোহিত, সোহান ও রাহুল 2:2:1 অনুপাতে লাভ বন্টন করে অংশীদার। 31 মার্চ 2017 তারিখে তাদের উদ্বৃত্তপত্র নিচে দেওয়া ধরণে ছিল ঃ

**Balance Sheet (উদ্বৃত্তপত্র)**

| Liabilities (দেনা) | (₹) | Assets (সম্পত্তি) | (₹) |
|---|---|---|---|
| Capital : (মূলধন) ঃ | | Fixed Assets (স্থায়ী সম্পত্তি) | 60,000 |
| Mohit : 30,000/- | | | |
| Shohan : 20,000/- | | Stock (মজুতপণ্য) | 10,000 |
| Rahul : 20,000/- | 70,000 | Sundry Debtors (বিবিধ দেনাদার) | 20,000 |
| General Reserve (সাধারণ পুঁজি) | 5,000 | Cash at Bank (ব্যাঙ্কে থাকা নগদ অর্থ) | 10,000 |
| Creditors (পাওনাদার) | 25,000 | | |
| | 1,00,000 | | 1,00,000 |

Shohan died on June 30, 2017. It was agreed between the remaining partners and his executors that :

2017-র 30 জুন সোহানের মৃত্যু হয়। তার উত্তরাধিকারী ও অবশিষ্ট অংশীদারদের মধ্যে চুক্তি হয় যে, ঃ

*(i)* Goodwill will be valued at ₹ 50,000/-.
সুনামের মূল্য 50,000/- টাকা ধরা হবে।

*(ii)* Interest on capital be provided at 10% p.a.
মূলধনের উপরে সুদ বছরে শতকরা 10% ধরা হবে।

*(iii)* Profit for the year 2017-18 be taken as having accrued at the same rate as that of the previous year which was ₹ 40,000/-.
2017-18 সালের লাভ বিগত বছরের সমহারে হবে বলে ধরা হয়েছে যার পরিমাণ ছিল 40,000/- টাকা।

(iv) The amount due to Shohan shall be transferred to his Executors' Loan Account.

সোহানকে দেয় অর্থ তার উত্তরাধিকারীর ঋণ হিসাবে ধরে নিয়ে স্থানান্তর করা হবে।

Prepare Shohan's Capital Account as on the date of his death. 5

সোহানের মৃত্যুর তারিখে তার মূলধন হিসাব প্রস্তুত করো।

*OR / অথবা*

What is Partnership Deed ? Mention *any three* distinctions between Fixed and Fluctuating Capital Accounts of partners. 2+3=5

অংশীদারী দলিল বলতে কী বোঝ? অংশীদারের স্থির মূলধন হিসাব ও অস্থির মূলধন হিসাবের মধ্যে থাকা *যে কোনো তিনটি* পার্থক্য উল্লেখ করো।

17. SONU and ASHU were partners sharing profits in the ratio of 3:1. Their Balance Sheet as on 31st March, 2017 was as follows :

সনু ও আশু 3:1 অনুপাতে লাভ বিতরণ করে অংশীদার ছিল। 2017 সালের 31 মার্চ তারিখে তাদের উদ্বৃত্তপত্র নিম্নরূপ ছিল ঃ

**Balance Sheet (উদ্বৃত্তপত্র)**

| Liabilities (দেনা) | (₹) | Assets (সম্পত্তি) | (₹) |
|---|---|---|---|
| Creditors (পাওনাদাৰ) | 10,000 | Cash at Bank (ব্যাঙ্কে জমা) | 20,000 |
| Loan (ঋণ) | 20,000 | | |
| Capital : (মূলধন) ঃ | | Sundry Assets (বিবিধ সম্পত্তি) | 70,000 |
| SONU = 50,000/- | | Profit and Loss Account (লাভ-লোকসান হিসাব) | 40,000 |
| ASHU = 50,000/- | 1,00,000 | | |
| | 1,30,000 | | 1,30,000 |

The firm was dissolved on the above date. The assets were realised at ₹ 50,000/-. Creditors were paid at a discount of 20%. SONU agreed to pay off the Loan. Realisation expenses were ₹ 2,000/-. Prepare Realisation Account, Bank Account and Partners Capital Account. 5

উপরিউক্ত তারিখে প্রতিষ্ঠানের অবসায়ন ঘটে। সম্পত্তি বিক্রি করে 50,000/- টাকা আদায় হয়। পাওনাদারদের 20% বাট্টাতে পরিশোধ করা হলো। সনু ঋণ পরিশোধ করতে রাজী হল। আদায়ের খরচ হয়েছিল 2,000/- টাকা। আদায়ের হিসাব, ব্যাঙ্ক হিসাব ও অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত করো।

*OR / অথবা*

What do you mean by Dissolution of a Partnership ? State *three* grounds for Dissolution of Partnership. 2+3=5

অংশীদারী পরিসমাপ্তি বলতে কী বোঝ? অংশীদারী পরিসমাপ্তির *তিনটি* পরিস্থিতি উল্লেখ করো।

18. Explain the terms 'Over-subscription' and 'Under-subscription' of Shares. 2½+2½=5

অংশপত্রের 'অধিক-ক্রয়সম্মতি' এবং 'কম-ক্রয়সম্মতি' ব্যাখ্যা করো।

*OR / অথবা*

What is a 'Preference Share' ? Mention the different types of Preference Shares. 2+3=5

'অগ্রাধিকারযুক্ত অংশপত্র' বলতে কী বোঝ? অগ্রাধিকারযুক্ত অংশপত্রের বিভিন্ন প্রকারসমূহ উল্লেখ করো।

19. Following is the Trial Balance of RAM and SHYAM as on 31st March, 2017 :
31 মার্চ, 2017 তারিখে রাম ও শ্যামের উদ্বৃত্ত মিলন পত্রটি নিচে দেওয়া হলো ঃ

Dr. Trial Balance (উদ্বৃত্ত মিলন-পত্র) Cr.

| Particulars (বিবরণ) | (₹) | Particulars (বিবরণ) | (₹) |
|---|---|---|---|
| Plant and Machinery<br>কলকব্জা ও যন্ত্রপাতি | 10,000 | Capital Accounts :<br>মূলধন হিসাব ঃ<br>RAM = 36,000<br>রাম<br>SHYAM = 40,000<br>শ্যাম | 76,000 |
| Freight on Sales<br>বিক্রীর পরিবহন খরচ | 3,000 | | |
| Publicity<br>বিজ্ঞাপন | 2,000 | | |
| Land and Buildings<br>ভূমি ও ভবন | 50,000 | Trading Account<br>ক্রয় বিক্রয় হিসাব | |
| Sundry Debtors<br>বিবিধ দেনাদার | 10,000 | – Gross Profit<br>– মোট লাভ | 60,000 |
| Bad debt<br>অনুদ্ধারনীয় ঋণ | 2,000 | Creditors<br>পাওনাদার | 12,000 |
| Cash at Bank<br>ব্যাঙ্কে থাকা নগদ অর্থ | 15,000 | | |
| Investments<br>বিনিয়োগ | 8,000 | Bank Loan<br>ব্যাঙ্ক ঋণ | 8,000 |
| Cash in hand<br>হাতে থাকা নগদ অর্থ | 1,000 | Bills payable<br>দেয় বিল | 6,000 |
| Salaries<br>বেতন | 12,000 | | |
| Rent<br>ভাড়া | 8,000 | | |
| Stock<br>মজুতপণ্য | 25,000 | | |
| Drawings :<br>আহরণ ঃ<br>RAM = 6,000<br>রাম<br>SHYAM = 10,000<br>শ্যাম | 16,000 | | |
| | 1,62,000 | | 1,62,000 |

Prepare a Profit and Loss Account and the Profit and Loss Appropriation Account of the firm for the year ended 31st March, 2017 and a Balance Sheet as on that date, after taking into consideration the following additional information : 8

নিম্নে প্রদত্ত অতিরিক্ত তথ্যসমূহ বিবেচনা করে 31 মার্চ 2017 তারিখে শেষ হওয়া বছরের জন্য লাভ-লোকসান হিসাব ও লাভ-লোকসান উপযোজন হিসাব ও উক্ত তারিখে প্রতিষ্ঠানটির উদ্বৃত্তপত্র প্রস্তুত করো ঃ

*(i)* Outstanding Salaries ₹ 3,000/-.
অপ্রদত্ত বেতন।

*(ii)* Ram will get a Commission of ₹ 10,000/- for the year.
রাম বছরটির জন্য 10,000/- টাকা দস্তুরি পাবে।

20. Hunda Limited issued 10,000 equity shares of 100 each payable as follows :

₹ 20/- on application
₹ 30/- on allotment
₹ 20/- on first call
₹ 30/- on second and final call.

10,000 shares were applied for and allotted. All money due was received with the exception of both the calls on 300 shares held by SUPRIYA. These shares were forfeited. Give necessary journal entries. 8

হন্ডা লিমিটেড 10,000 টা 100/- টাকার সমাংশপত্র নিম্নোক্ত ধরণে আদায়যোগ্য বলে বিলি করে ঃ

আবেদনে 20/- টাকা।
আবন্টনে 30/- টাকা।
প্রথম তলবে 20/- টাকা।
দ্বিতীয় ও চূড়ান্ত তলবে 30/- টাকা।

10,000 টা অংশপত্রের জন্য আবেদন পেয়ে আবন্টন করা হল। সুপ্রিয়ার নামে থাকা 300 টা অংশপত্রের উভয় তলবের অর্থ ছাড়া বাকী থাকা সমস্ত অর্থ আদায় হলো। এই অংশপত্রগুলি বাজেয়াপ্ত করা হলো। আবশ্যকীয় জাবেদা প্রবিষ্টি দাও।

*OR / অথবা*

Write short notes on : 2×4=8

সংক্ষিপ্ত টীকা লেখো ঃ

*(i)* Re-issue of forfeited shares

বাজেয়াপ্ত অংশপত্রের পুনর্বিলি

*(ii)* Calls in Arrears

বকেয়া তলবী অর্থ

*(iii)* Calls in Advance

অগ্রিম তলবী অর্থ

*(iv)* Reserve Capital.

সংরক্ষিত মূলধন।

21. X Ltd. issued 5,000, 16% debentures of ₹ 100/- each at a discount of 5% repayable after 5 years at a premium of 5%.

You are required to pass necessary journal entries and show the "Loss on Issue of Debentures Account" over the period of five years. 8

X-লিমিটেড 5 বছরের পর 5% অধিহারে পরিশোধযোগ্য 5,000 টি 100/- টাকার 16% ঋণপত্র 5% বাট্টাতে বিলি করে। আবশ্যকীয় জাবেদা প্রবিষ্টি দাও এবং "ঋণপত্র বিলি করা ক্ষতি হিসাব" পাঁচ বছরের জন্য দেখাও।

*OR / অথবা*

What is meant by a debenture ? Explain the different types of debentures. 2+6=8

ঋণপত্র বলতে কী বোঝ? বিভিন্ন শ্রেণীর ঋণপত্রের ব্যাখ্যা করো।



22. A and B are partners sharing profits in the ratio of 3:2. Their Balance Sheet as on 31st March, 2017 was as follows :

A ও B 3:2 অনুপাতে লাভ বন্টন করে অংশীদার। 31 মার্চ, 2017 তারিখে তাদের উদ্বৃত্তপত্র নিচে দেওয়া হলো ঃ

**Balance Sheet**

**(উদ্বৃত্তপত্র)**

| Liabilities (দেনা) | (₹) | Assets (সম্পত্তি) | (₹) |
|---|---|---|---|
| Sundry Creditors<br>বিবিধ পাওনাদার | 20,000 | Cash in hand<br>হাতে থাকা নগদ অর্থ | 3,000 |
| Capital :<br>মূলধন ঃ<br>A = 30,000/-<br>B = 20,000/- | 50,000 | Sundry Debtors<br>বিবিধ দেনাদার | 12,000 |
| | | Stock<br>মজুতপণ্য | 15,000 |
| | | Furniture<br>আসবাবপত্র | 10,000 |
| | | Machinery<br>যন্ত্রপাতি | 30,000 |
| | 70,000 | | 70,000 |

C was admitted as a new partner on the following terms and conditions :

নিচের শর্তসাপেক্ষে C-কে নতুন অংশীদার হিসাবে নেওয়া হলো ঃ

*(i)* C will bring ₹ 15,000/- for capital and ₹ 5,000/- for his share of Goodwill for 1/6 th share in the future profits.

C মূলধনের জন্য 15,000/- টাকা ও লাভের 1/6 অংশের জন্য সুনাম বাবদ 5,000/- টাকা দেবে।

(ii) The value of stock to be reduced by ₹ 2,000/- and that of Machinery be increased by ₹ 8,000/-.

মজুতপণ্যের মূল্য 2,000/- টাকা হ্রাস পাবে ও যন্ত্রপাতির মূল্য 8,000/- টাকা বৃদ্ধি করা হবে।

(iii) The value of furniture to be fixed at ₹ 9,000/-.

আসবাবপত্রের মূল্য 9,000/- টাকাতে স্থির করা হবে।

Pass journal entries in the books of the firm and prepare the Balance Sheet of the new firm. 8

প্রতিষ্ঠানের খাতাতে জাবেদা প্রবিষ্টি দাও এবং নতুন প্রতিষ্ঠানের উদ্বৃত্তপত্র প্রস্তুত করো।

***OR/ অথবা***

Give journal entries on dissolution of a Partnership firm in respect of the following : 1×8=8

অংশীদারী ব্যবসায়ের অবসায়নকালে নিচে দেওয়া অবস্থানগুলির জন্য জাবেদা প্রবিষ্টি দাও ঃ

(i) For transfer of assets.

সম্পত্তি স্থানান্তকরনের জন্য।

(ii) For sale of assets.

সম্পত্তি বিক্রি হলে।

(iii) If any partner takes over any asset.

কোনো অংশীদার সম্পত্তি গ্রহণ করলে।



(iv) For payment of liabilities.

দেনা পরিশোধের জন্য।

(v) For payment of Realisation Expenses.

আদায়করণের খরচ পরিশোধের জন্য।

(vi) For realisation of unrecorded assets.

লিপিবদ্ধ না করা সম্পত্তি আদায়করণের জন্য।

(vii) For transfer of the balance of General Reserve Account.

সাধারণ পুঁজি হিসাবে থাকা উদ্বৃত্তের স্থানান্তরের জন্য।

(viii) For payment of Partner's Loan.

অংশীদারের বাকী থাকা ঋণ পরিশোধের জন্য।

——×——